গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.১৩.০৩৩.২২-৫৬৩ তারিখ: ২২ মে ২০২৩

**বিষয়: ড্রাইভিং কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.৪৯.০০৫.২৩-৫০৬; তারিখ: ৭ মে ২০২৩।

লক্ষ্য করা যাচ্ছে যে, ড্রাইভিং পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে এ অথরিটি সার্কেল অফিসসমূহে কোন সুনির্দিষ্ট মানদন্ড ও কাঠামো অনুসরণ করা হচ্ছে না। দক্ষতা যাচাই পরীক্ষার ক্ষেত্রে সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর বিধি-৮(৮) মোতাবেক মোটরযান চালনার দক্ষতা যাচাই পরীক্ষা, মোটরযান চালাইবার নিয়ম, সংকেতসমূহ, ট্রাফিক সাইন বা চিহ্ন বিষয়গুলো উল্লেখ রয়েছে, যেগুলো প্রশ্নপত্রের মধ্যে সন্নিবেশ থাকা বাঞ্ছনীয়। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, এ অথরিটি'র সকল সার্কেল অফিসে একই মানদন্ড ও কাঠামো অনুসরণ করে ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার্থীদের ড্রাইভিং কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণ নিশ্চিতের লক্ষ্যে ০১ জুন, ২০২৩ তারিখ হতে নিম্নলিখিত কাঠামো অনুসরণ করতে হবে:

প্রশ্নপত্রের পূর্ণমান ২০ নম্বর, পাশ ১২ নম্বর ও সময় ২০ মিনিট নির্ধারণ করে প্রশ্নপত্র প্রস্তুত করতে হবে।

সংক্ষিপ্ত প্রশ্ন ১৪টি – ১৪ নম্বর (প্রতিটি প্রশ্নের মান ১)
ইঞ্জিন মেকানিজম সম্পর্কিত প্রশ্ন ০৬টি – ০৬ নম্বর (প্রতিটি প্রশ্নের মান ১)

উল্লেখ্য, ইঞ্জিন মেকানিজম সম্পর্কিত বিষয়ে ন্যূনতম ০২ নম্বর না পেলে পরীক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবেন।

২। লিখিত পরীক্ষার জন্য **নমুনা প্রশ্নপত্রের** (কপি সংযুক্ত) আদলে মোট ০৪ (চার) সেট (যেমন ক, খ, গ, ঘ) প্রশ্ন প্রস্তুত করতে হবে এবং যে সেট প্রশ্নপত্রের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা হবে তা ড্রাইভিং দক্ষতা যাচাই কমিটি (ডিসিটিসি) কর্তৃক লটারির মাধ্যমে পরীক্ষা অনুষ্ঠানের অব্যবহিত আগে নির্ধারণ করতে হবে।

৩। মৌখিক পরীক্ষায় পাশ নম্বর হবে ৭৫ শতাংশ ও ব্যবহারিক পরীক্ষায় পাশ নম্বর হবে ১০০ শতাংশ। প্রশ্নপত্র তৈরির ক্ষেত্রে বিআরটিএ'র ওয়েবসাইটে (www.brta.gov.bd) ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত প্রশ্ন ব্যাংক ও নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র থেকে সহায়তা নেয়া যেতে পারে।

৪। উল্লেখ্য, অত্র পত্রের মাধ্যমে সূত্রস্থ পত্রের নির্দেশনা প্রতিস্থাপিত হল।

**সংযুক্তি:**
**বর্ণনামতে: ০২ (দুই) পৃষ্ঠা।**

২২/৫/২৩
**(নুর মোহাম্মদ মজুমদার)**
চেয়ারম্যান
ফোনঃ ৫৫০৪০৭১১
ই-মেইল: chairman@brta.gov.bd

উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং)/সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং),
লাইসেন্সিং অথরিটি, বিআরটিএ.......................................সার্কেল
............................................................................ (সকল)।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। জেলা প্রশাসক, ...................................................................(সকল);
২। অতিরিক্ত জেলা প্রশাসক ও সভাপতি, ড্রাইভিং দক্ষতা যাচাই কমিটি,................................................... (সকল);
৩। পরিচালক (ইঞ্জিনিয়ারিং/অপারেশন), বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা;
৪। পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়;
৫। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।

**নমুনা প্রশ্নপত্র**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
ড্রাইভিং দক্ষতা যাচাই কমিটি
জেলা/সার্কেলঃ-----------------------------

## লিখিত পরীক্ষার প্রশ্নপত্র

**পরীক্ষার তারিখ:**

**পরীক্ষকের স্বাক্ষর**

**পরীক্ষার্থীর নাম:**

**পূর্ণমান: ২০**
**পাশ নম্বর: ১২**
**সময়: ২০ মিনিট**

**পরীক্ষার রোল নম্বর:**
**লার্ণার লাইসেন্স নম্বর:**

**বিঃ দ্রঃ ইঞ্জিন মেকানিজম বিষয়ে নূন্যতম ০২ নম্বর না পেলে পরীক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবেন।**

**১। সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনো ১৪টি)** **১৪ x ১ = ১৪**

ক) মোটরযান দুর্ঘটনায় পতিত হলে চালকের করণীয় কী?

উত্তরঃ

খ) মোটরযান চালনার আগে করণীয় কাজ কী কী? যে কোনো ০২ টি লিখুন।

উত্তরঃ

গ) মধ্যম মোটরযান কাকে বলে?

উত্তরঃ

ঘ) কোন কোন মোটরযানকে ওভারটেক করার সুযোগ দিতে হবে?

উত্তরঃ

ঙ) মোটরযানের চাকা ফেটে গেলে করণীয় কী?

উত্তরঃ

চ) মোটরযান রাস্তার কোনপাশ দিয়ে চলাচল করবে?

উত্তরঃ

ছ) বেপরোয়া ও বিপজ্জনকভাবে মোটরযান চালনার শাস্তি কী?

উত্তরঃ

জ) পেশাদার ড্রাইভিং লাইসেন্স কাকে বলে?

উত্তরঃ

ঝ) সড়ক পরিবহন আইন, ২০১৮ অনুযায়ী মোটরযানের বীমা (ইন্স্যুরেন্স) থাকা বাধ্যতামূলক না ঐচ্ছিক (Optional).

উত্তরঃ

ঞ) ট্রাফিক চিহ্ন (আইন) কত প্রকার ও কী কী?

উত্তরঃ

ট) মহাসড়কে যাত্রীবাহী ও পণ্যবাহী মোটরযানের গতিসীমা কত?

উত্তরঃ

ঠ) লাল বৃত্তে ৫০ কি.মি. লেখা থাকলে কী বুঝায়?

উত্তরঃ

ড) কোন কোন স্থানে মোটরযানের হর্ণ বাজানো নিষেধ?

উত্তরঃ

ঢ) লেভেলক্রসিং বা রেলক্রসিং কত প্রকার ও কী কী?

উত্তরঃ

ণ) রাস্তার ওপর প্রধানত কী কী ধরনের রোডমার্কিং অঙ্কিত থাকে?

উত্তরঃ

**২। ইঞ্জিন মেকানিজম সম্পর্কিত প্রশ্নের উত্তর লিখুন।** **৬ X ১=৬**

ক) ফ্যানবেল্ট কোথায় থাকে?

উত্তরঃ

খ) একটি ইঞ্জিন অত্যধিক গরম অবস্থায় চলছে তা কীভাবে বুঝা যাবে?

উত্তরঃ

গ) পেট্রোল ইঞ্জিনে প্রতি সিলিন্ডারের জন্য স্পার্ক প্লাগ থাকে কয়টি?

উত্তরঃ

ঘ) কুলিং ফ্যানের কাজ কী?

উত্তরঃ

ঙ) স্পার্ক প্লাগ কোথায় থাকে?

উত্তরঃ

চ) ইঞ্জিনে অয়েল (মবিল) এর পরিমাণ কিসের সাহায্যে পরীক্ষা করা হয়?

উত্তরঃ

পরীক্ষার্থীর স্বাক্ষর

**বিঃদ্রঃ এটি একটি নমুনা প্রশ্নপত্র মাত্র। প্রশ্নগুলো হুবহু অনুসরণ না করে প্রশ্নপত্রের কাঠামো অনুসরণ করে প্রশ্ন ব্যাংক থেকে বিআরটিএ'র বিভিন্ন সার্কেলে ড্রাইভিং দক্ষতা যাচাইয়ের প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।**

22/05/23 22/05/23